Gmail

Ucaliptas <ucaliptas909@gmail.com>

কবিতা: ফেরারী নেতা

Mohammad Sheikh Zohurul Islam <mszi065045@gmail.com>
To: ucaliptas909@gmail.com
Fri, Mar 13, 2026 at 7:29 AM

ফেরারী নেতা
লেখক: জামিল ইসলাম

তোমার আমার মন্ত্রী সে যে
দেশ জনতার নেতা,
নয় যে তিনি যেমন তেমন
ফেরারী এক নেতা।

এক যুগ প্রায় আগে তাকে
দিনের আলো শেষে,
ছিনিয়ে নেয় দুর্বৃত্তের দল
পাশের রাজার দেশে।

পাশের দেশের রাজা তারে
দিয়েছে অনেক ভেট,
বছরের পর বছর ধরে
ভরিয়েছে তার পেট।

সে রাজার ঘরে এমনি করে
খুশিতে হয় ফেরার,
সেথায় তাহার চলে দারুণ
সব কুকীর্তি-কারবার।

পায়ের উপর পা রাখিয়া
গোঁফে দিয়ে তা,
ভীষণ কষ্ট সে করেছে খুব
তা বলার মতো না।

ষোলো বছর পরে এলো
তাহার খুশির ক্ষণ,
স্বৈরাচারীকে দেশের মানুষ
দূর করেছে যখন।

নিশিরাতে করিয়া তারা
ভোটের কারচুপি,
দেশের গদিতে বসেছে আজ
তারা বহুরূপী।

লন্ডনী এক মুফতী রে সে
বলে জাতির ইমাম,
ধনি্য চাটুকার হিসেবে সে
পেয়েছে ভালো সুনাম।

রাজা রে এমন তৈল দিয়া
বাড়িয়েছে তার দাম,
রাজাও তারে খুশি হয়ে
দিয়েছে অঢেল ইনাম।

রাজা তাহারে বানিয়েছে
স্ব-রাজ মন্ত্রী মশাই,
দেশের সর্বনাশ করার লাগি
সে করছে ধানাইপানাই।

দেশের উন্নয়নে বিভোর সে
ঘুম নাই তার চোখে,
হাসিও তার মিলেছে আজ
গাল থেকে মুখে।

দেশের ভালোটাই চায় রে সে
চায় না নাম-যশ,
যতোই সে হোক না কেনো
পাশের দেশের বশ।

মনপ্রাণ দিয়ে নেতা সে যে
দেশটা নিয়ে ভাবে,
সে দেশ বেঁচিবে সুযোগ পেলে
সব বুঝি তার ভাবে।

কষ্টের লাগি আজ অব্দি সে
চায় নি কোনো টাকা,
তবে দেশটাকে সে করিয়াছে
তলে তলে ফাঁকা।

মহা নেতার সকল গুণই
তার মাঝেতে আছে,
মাঝে মাঝে কিল চড় খায়
রাজার কাছে মিছে।

কাকে-বকে তার আদর্শ নিয়ে
মানে তাকে নেতা,
যদিও সে পাশের দেশ নিয়ে
সদা ঘামায় মাথা।

গাধার রাজ্যে তাকে নিয়ে
চলে গবেষণা,
তাহার মতো বীরপুরুষ নাই
সেথায় আরেকখানা।

সে ভেড়ার দেশের সুপুরুষ
জাতির মহা বীর,
পাশের দেশের উন্নয়নে তার
মন সদাই অস্থির।

দিতে হবে তাহারে ভাই
গুণী-সংবর্ধনা,
ঘুষটুষ কভু চায় না সে
চায় হীরা–পান্না।

যে যতো পারো দাও খুশি হয়ে
আরো দাও তারে,
নিজ হাতে সে নেয় না সেসব
পকেটে নেয় ভরে।

এই হলো রে নীতি তাহার
এই হলো তার বিধি,
উফ! তার মতোই নেতা হতাম
সুযোগ পেতাম যদি।

রচনাকাল: ১২ই মার্চ ২০২৬।